



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৪.২০.৪৮৮

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৭
২৬ এপ্রিল ২০২০

পরিশ্রুতি

করোনা ভাইরাস পরিস্থিতিতে সৃষ্ট দুর্যোগে বিশেষ মানবিক সহায়তা বাস্তবায়নের লক্ষ্যে সিটি কর্পোরেশনসমূহের প্রতি ওয়ার্ডে সফল এনজিওগুলোর অভিজ্ঞতা কাজে লাগিয়ে 'সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিটি' এর আওতায় নিম্নোক্তভাবে প্রতিটি ওয়ার্ডে ১০টি উপ-কমিটি গঠন করার জন্য নির্দেশনা প্রদান করা হল:

ক্রমিক

১.	কাউন্সিলর, সংশ্লিষ্ট সাধারণ ওয়ার্ড	-	আহ্বায়ক
২.	এনজিও প্রতিনিধি-১ জন	-	সদস্য
৩.	মসজিদেদর ইমাম-১ জন	-	সদস্য
৪.	মসজিদ কমিটির মধ্য হতে ১ জন	-	সদস্য
৫-৭.	বিশিষ্ট ব্যক্তি-৩ জন	-	সদস্য
৮.	শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডির -১ জন সদস্য	-	সদস্য
৯.	শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-১ জন	-	সদস্য
১০.	নারী সমাজসেবী-১ জন	-	সদস্য

এ কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ:

- এ উপ-কমিটি, কাউন্সিলরের নেতৃত্বে জাতীয়ভাবে গঠিত কমিটির দিকনির্দেশনায় ও উপ-কমিটিতে অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গের স্ব স্ব অভিজ্ঞতার আলোকে নিম্নবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত বা অসহায় ব্যক্তিগণের সুনির্দিষ্ট তালিকা প্রণয়ন করবে। উক্ত তালিকা অনুসারে সরকারি, বেসরকারি ও ব্যক্তিগত পর্যায়ে প্রাপ্ত অনুদান সুবিধাভোগী ব্যক্তিগণকে পৌঁছে দিবে। কোন ব্যক্তি যাতে একাধিকবার ত্রাণ সহায়তা না পায়, সেদিকে সজাগ দৃষ্টি দিতে হবে।
- কমিটি গঠন হওয়ার পূর্ব পর্যন্ত প্রতিটি এলাকায় এনজিও, সরকারি-বেসরকারি উদ্যোগে বর্তমানে যারা যেভাবে অনুদানের কর্মকান্ড পরিচালনা করছেন তা আইন বহির্ভূত না হলে অব্যাহত থাকবে এবং কমিটি গঠিত হওয়ার পর উল্লেখিত কমিটিগুলোর মাধ্যমে সকল কার্যক্রম পরিচালিত হবে।
- নিম্নবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত বা অসহায় ব্যক্তিগণের সুনির্দিষ্ট তালিকা সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে এবং কাউন্সিলরগণের অফিসে সংরক্ষিত থাকবে, যাতে ভবিষ্যতে ডাটাবেজ অনুযায়ী সামাজিক দূরত্ব বজায় রেখে মানুষের কাছে সাহায্য পৌঁছে দেয়া যায়।
- সংশ্লিষ্ট ওয়ার্ডে সরকার প্রদত্ত মানবিক সহায়তার পাশাপাশি বিত্তবান ব্যক্তি, সামাজিক সংগঠন ও সমাজ হিতৈষী এনজিও কর্তৃক প্রদত্ত সকল ত্রাণ বিতরণ কার্যক্রম এ উপ-কমিটির মাধ্যমে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- এনজিও ব্রাক যেভাবে স্ব স্ব এলাকার বাসিন্দাদের নিয়ে সমন্বিতভাবে একটি এ্যাপস তৈরী করে কাজ করছে, সে অভিজ্ঞতা কাজে লাগিয়ে এ কার্যক্রম বাস্তবায়ন করা যেতে পারে।
- কাউন্সিলরগণ এ উপ-কমিটি আগামী ৩(তিন) দিনের মধ্যে গঠন করে স্ব স্ব সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র বা প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট দাখিল করবেন।
- মাননীয় মেয়র তাঁর কর্মকর্তাদের মাধ্যমে সমস্ত কর্মকান্ড তদারকি করবেন। প্রয়োজনে তিনি কাউন্সিলর ও এনজিও প্রতিনিধির সাথে সভা করবেন এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়কে নিয়মিত অবহিত করবেন।
- উপস্থিত এনজিও প্রতিনিধিগণের সর্বসম্মত মতামতের ভিত্তিতে মন্ত্রণালয় এবং সিটি কর্পোরেশনের সাথে যে কোন জরুরি প্রয়োজনে যোগাযোগের জন্য জনাব কে. এ. এম. মোরশেদ, পরিচালক, ব্রাক এবং ড. খায়রুল ইসলাম, আঞ্চলিক পরিচালক, WaterAid এনজিওগুলোর পক্ষে Focal Person হিসেবে দায়িত্ব পালন করবেন।


২৬/০৪/২০২০


আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/ সচিব, মন্ত্রণালয়/ বিভাগ।
৪. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন/ প্রশাসন/ উন্নয়ন/ পানি সরবরাহ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রকল্প, নগর ভবন, ঢাকা।
৭. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট- ই-১৩/বি, আগাঁরগাও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন।(সকল)।
৯. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কারওয়ান বাজার, ঢাকা।
১০. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপসচিব (সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, ব্র্যাক, ৭৫, মহাখালী, ঢাকা-১২১২।
১৪. ব্যবস্থাপনা পরিচালক, WaterAid Bangladesh, ৯৭/বি, রোড-২৫, ব্লক-এ, বনানী, ঢাকা-১২১৩।
১৫. ব্যবস্থাপনা পরিচালক, সাজিদা ফাউন্ডেশন, অটবি সেন্টার (৫ম ও ৬ষ্ঠ তলা), প্লট-১২, ব্লক-CWS, গুলশান দক্ষিণ এভিনিউ, গুলশান-১, ঢাকা।
১৬. ব্যবস্থাপনা পরিচালক, শক্তি ফাউন্ডেশন, বাড়ি-৪, রোড-১, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, পল্লবী, ঢাকা-১২১৬।
১৭. জনাব কে. এ. এম. মোরশেদ, পরিচালক, ব্র্যাক, ৭৫, মহাখালী, ঢাকা-১২১২।
১৮. ড. খায়রুল ইসলাম, আঞ্চলিক পরিচালক, WaterAid Bangladesh, ৯৭/বি, রোড-২৫, ব্লক-এ, বনানী, ঢাকা-১২১৩।
১৯. অফিস কপি।


২৬/৪/২০২০
আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব